



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ অভিবাসী পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলী, ২০২৩

বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা, অস্ট্রেলিয়া

বাংলাদেশ হাইকমিশন
ক্যানবেরা, অস্ট্রেলিয়া
(শ্রম কল্যাণ উইং)
www.bhcanberra.com

বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা কর্তৃক প্রদত্ত বাংলাদেশ অভিবাসী পুরস্কার সংক্রান্ত নীতিমালা

অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ফিজিতে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদেরকে বৈধপথে রেমিট্যান্স প্রেরণ, বাংলাদেশের অর্থনীতি ও সামাজিকক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখা, সংশ্লিষ্ট দেশে বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখা এবং ২য় প্রজন্মের বাংলাদেশি কর্তৃক বিভিন্ন পর্যায়ে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদান করা হবে। প্রদত্ত পুরস্কারটি বাংলাদেশ অভিবাসী পুরস্কার নামে অভিহিত হবে। প্রতি বছর ৩০ ডিসেম্বর জাতীয় প্রবাসী দিবসে (National Expatriates Day) এই পুরস্কার প্রদান করা হবে।

২। পুরস্কারের প্রকারভেদঃ

নিম্নলিখিত শ্রেণীতে পুরস্কার প্রদান করা হবে।

ক্রমিক	পুরস্কারের শ্রেণী	সংখ্যা	মন্তব্য
ক)	বৈধপথে সর্বোচ্চ রেমিটেন্স প্রেরণকারী প্রবাসী বাংলাদেশি	০৫ জন (অস্ট্রেলিয়া-০৩, নিউজিল্যান্ড-০১, ফিজি-০১)	কর্তৃপক্ষ বিশেষ কারণে পুরস্কারের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারে।
খ)	বাংলাদেশি পণ্য আমদানিকারক প্রবাসী বাংলাদেশি	০২ জন	
গ)	শিল্প, সাহিত্য ও গবেষণা ক্ষেত্রে অবদান রাখা প্রবাসী বাংলাদেশি	০২ জন	
ঘ)	২য় প্রজন্মের বাংলাদেশি যারা অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ফিজি ও বাংলাদেশে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখছে	০২ জন	

৩। আবেদনের প্রক্রিয়াঃ

ক) প্রতিবছর আগস্ট মাসে পুরস্কার প্রদানের বিষয়ে আবেদন আহ্বান করে হাইকমিশনের ওয়েবসাইট, ফেসবুক ও নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে ১৫ সেপ্টেম্বরের মধ্যে আবেদন দাখিল করবেন।

খ) পুরস্কার প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নরূপ যোগ্যতা/ কাগজপত্র দাখিল করতে হবে:

১. বাংলাদেশের নাগরিক হতে হবে;
২. বৈধ বাংলাদেশি পাসপোর্ট থাকতে হবে;
৩. বৈধ আয়ের উৎসের প্রমাণপত্র প্রদান করতে হবে;
৪. বিদেশে অবস্থানের সর্বমোট সময়কালের প্রমাণপত্র দাখিল করতে হবে;
৫. বিদেশে অবস্থানের বৈধ পরিচয়পত্র;
৬. সংশ্লিষ্ট অর্থবছরে বৈধপথে নিয়মিত রেমিট্যান্স প্রেরণের প্রমাণ পত্র;
৭. প্রেরিত টাকার পরিমাণ ব্যক্তির ক্ষেত্রে প্রতিমাসে ন্যূনতম ৫০০ অ:ড:/ বছরে ৬০০০ অ.ড এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিমাসে ন্যূনতম ৫,০০০ অ:ড:/ বছরে ৬০,০০০ অ.ড হতে হবে। (ফিজির ক্ষেত্রে এই পরিমাণ শিথিলযোগ্য)

৪। বাংলাদেশ অভিবাসী পুরস্কার হিসাবে বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা কর্তৃক ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হবে। পুরস্কারপ্রাপ্তদের সম্মাননাপত্র সংলাগ-গ অনুসারে হবে।

৫। পুরস্কারের জন্য নির্বাচিত কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান পুরস্কার গ্রহণে অস্বীকৃতি জানালে বা নির্দিষ্ট তারিখে পুরস্কার গ্রহণ করবেন মর্মে কোন সুনিশ্চিত সম্মতি পাওয়া না গেলে নির্বাচিত ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম পুরস্কার প্রাপ্তদের চূড়ান্ত তালিকায় অর্ন্তভুক্ত হবে না। অর্থাৎ তাঁকে পুরস্কারপ্রাপ্ত হিসেবে ঘোষণা করা হবে না।

৬। বাংলাদেশ অভিবাসী পুরস্কার প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

৬.১ বাংলাদেশ অভিবাসী পুরস্কার সংক্রান্ত নীতিমালার ৩ ধারায় বর্ণিত শর্তানুযায়ী অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ফিজিতে বসবাসরত প্রবাসী বাংলাদেশিগণ ব্যক্তি পর্যায়ে সংলাগ-‘ক’ ও প্রতিষ্ঠান পর্যায়ে সংলাগ-‘খ’ প্রদত্ত ছক পূরণপূর্বক সেপ্টেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে আবেদন বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরার শ্রম কল্যাণ উইং এ প্রেরণ করবেন;

৬.২ আবেদনপত্রসমূহ প্রাপ্তির পর তা যাচাই-বাছাইকরণের উদ্দেশ্যে গঠিত বাংলাদেশ অভিবাসী পুরস্কার প্রদান সংক্রান্ত তিন সদস্য বিশিষ্ট কমিটি ৩০ অক্টোবর তারিখের মধ্যে যাচাই-বাছাইপূর্বক সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী এবং কৃতিত্বের ক্রমানুসারে সুপারিশ সহকারে প্রস্তুতকৃত তালিকা মান্যবর হাইকমিশনারের নিকট উপস্থাপন করবে। নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে যাচাই-বাছাইকরণ কমিটি গঠিত হবেঃ

ক্রমিক	কর্মকর্তার পদবী ও কর্মস্থল	কমিটির পদ
০১	ডেপুটি হাইকমিশনার/ মিনিষ্টার	আহ্বায়ক
০২	মিশনের অন্য সকল কূটনৈতিক কর্মকর্তাগণ	সদস্য
০৩	কাউন্সেলর (শ্রম ও কল্যাণ)	সদস্য সচিব

৬.৩ মান্যবর হাইকমিশনার কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর ১০ ডিসেম্বরের মধ্যে পুরস্কারপ্রাপ্তদের চূড়ান্ত তালিকা হাইকমিশনের ওয়েবসাইট, ফেসবুক ও নোটিশবোর্ডে প্রকাশ করা হবে। একই যোগ্যতাসম্পন্ন পুরস্কারপ্রার্থীদের সংখ্যা অধিক হলে সংক্ষিপ্ত তালিকার আবেদনকারীদের উপস্থিতিতে ১০ ডিসেম্বর তারিখের পূর্বে সুবিধাজনক তারিখ ও সময়ে লটারীর মাধ্যমে চূড়ান্ত প্রার্থী নির্বাচন করা হবে। উল্লেখ্য যে, এ পুরস্কার প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬.৪ যে সকল ক্ষেত্রে পুরস্কার প্রাপক যৌক্তিক কারণবশত: পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারবেন না, পুরস্কার প্রাপকের স্ত্রী বা স্বামী অথবা যথাযথ উত্তরাধিকারী পুরস্কার গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারবেন;

৬.৫ কোন পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকতে সক্ষম না হলে প্রযোজ্য ক্ষেত্রে তিনি পুরস্কারটি কূটনৈতিক ব্যাগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে তাঁর নিকট প্রেরণের অভিপ্রায় ব্যক্ত করতে পারবেন।

৭। বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা, কর্তৃক সময়ে সময়ে বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে এ নীতিমালার শর্তসমূহ পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন করার অধিকার সংরক্ষণ করা হলো।

-স্বাক্ষরিত
(এম. আল্লামা সিদ্দিকি)
হাইকমিশনার